**রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২**
**পাগলাপীর, রংপুর।**

টেলিফোন নম্বরঃ 02588878267
ই-মেইলঃ gmrpbs2@gmail.com
ওয়েব সাইটঃ www.pbs2.rangpur.gov.bd


স্মারক নং-২৭.১২.৮৫৪৯.৫২২.০২.০০৮.২৪. ৪২৪৪

তারিখঃ ২৫ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

# "লাইন টেকনিশিয়ান" পদে আন্ত:পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর "লাইন টেকনিশিয়ান" এর শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ এবং ৩০০-২৪ এবং পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত: ২০১২ইং) অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী "লাইনম্যান গ্রেড-১" গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছেঃ

**(ক) পদের নামঃ "লাইন টেকনিশিয়ান"।**

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | (ক) এসএসসি বা সমমান পাশ (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। মোট চাকুরীকাল ন্যূনতম ১০ (দশ) বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিংশীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজে দক্ষ হতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ থাকতে হবে।<br>(ছ) অধীনস্থ লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(জ) কম্পিউটার পরিচালনা সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে।<br>(ঝ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী সর্বশেষ ০৩ (তিন) বৎসরের প্রতি বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম রেটিং ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে।<br>(ঞ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |

**অন্যান্য শর্তাবলীঃ**

(০১) আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) মাতার নাম, (গ) পিতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ ও (ড) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক আবেদন পত্রসহ আগামী **৩০/১২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকায়** রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পাগলাপীর, রংপুর-এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(০২) **আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
(গ) বিগত ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ছ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স-এর সত্যায়িত ফটোকপি।
(জ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটোকপি।
(ঝ) আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(ঞ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

২য় পৃঃ দ্রঃ/

(০৩) **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বৎসরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;
(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(০৪) **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী"-তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।
(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

(০৫) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব"-এ নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা পবিস নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য হবে সেই সিদ্ধান্ত মেনে নিতে প্রার্থীকে বাধ্য থাকতে হবে।

(৬) চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ বেতন প্রত্যয়নপত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্ত হবেন। পরবর্তীতে উক্ত পদে নিয়মিতকরণ সাপেক্ষে পবিস নির্দেশিকা ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূলবেতন সংরক্ষণ করা হবে।

(৭) পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

(৮) পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ইং) এর ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

(৯) ইত:পূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(১০) পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি (সংশোধিতঃ ২০১২ইং)" এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।

(১১) অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে আইনানুগ/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৩) শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে/নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০/৯/২৪

(মোঃ খুরশীদ আলম)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।......... **বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস...**(যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো)।**
০৫। ডিজিএম(সকল), রংপুর পবিস-২।
০৬। এজিএম(আইটি), রংপুর পবিস-২।.........রংপুর পবিস-২ এর ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
০৭। এজিএম(সকল), রংপুর পবিস-২।
০৮। নোটিশ বোর্ড, রংপুর পবিস-২।
০৯। ব্যক্তিনথি।
১০। অফিস কপি/মাস্টার কপি।

১০/৯/২৪

(মোঃ খুরশীদ আলম)
জেনারেল ম্যানেজার